

ওজন কমানোর গোপন পদ্ধতি
জানালেন স্বস্তিকা-পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩৪ ঃ মেহেরপুর-রোববার ১৬ নভেম্বর ২০২৫ ইং ঃ ১ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ২৪ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## দেশে বেড়েছে ইন্টারনেট ব্যবহারের স্বাধীনতা

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বব্যাপী অনলাইন স্বাধীনতার সূচক কমলেও বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারের স্বাধীনতা বেড়েছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রভিত্তিক গবেষণা সংস্থা ফ্রিডম হাউস। শুক্রবার প্রকাশিত সংস্থাটির বার্ষিক প্রতিবেদন 'ফ্রিডম অন দ্য নেট ২০২৫'-এ এ তথ্য উঠে আসে। এতে ২০২৪ সালের জুন থেকে ২০২৫ সালের মে পর্যন্ত দেশের ডিজিটাল পরিবেশ মূল্যায়ন করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়, ২০২৪ সালের আগস্টে শিক্ষার্থীদের নেতৃত্বে হওয়া অভ্যুত্থানে কর্তৃত্ববাদী সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর অন্তর্বর্তী সরকার ডিজিটাল অধিকার ও নীতিমালায় বেশ কিছু ইতিবাচক পরিবর্তন আনে। এর ফলে গত বছরের তুলনায় বাংলাদেশের ইন্টারনেট স্বাধীনতা সূচক ৫ পয়েন্ট বেড়ে ১০০-এর মধ্যে ৪৫ হয়েছে। ২০২৩ সালে স্কোর ছিল ৪০। এটি গত সাত বছরে বাংলাদেশের সর্বোচ্চ অবস্থান। তবে উন্নতি সত্ত্বেও বাংলাদেশ এখনও 'আংশিক মুক্ত' দেশের তালিকাতেই রয়েছে–যেখানে ২০১৩ সাল থেকে অবস্থান

২-এর পৃষ্ঠা দেখুন





গাংনীতে মনোনয়ন নিয়ে আগুন

# রাজনৈতিক উত্তাপ ছড়িয়ে পড়ে শহর

## রাস্তায় মহিলা দল, অপর প্রান্তে জনসাগর গড়ে আমজাদের শক্তি প্রদর্শন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপির মনোনয়নকে কেন্দ্র করে গতকাল শনিবার সকাল থেকে উত্তেজনার আগুন ছড়িয়ে পড়ে পুরো এলাকায়। একদিকে মনোনয়ন বাতিলের দাবিতে মহিলা দলের উত্তাল মিছিল, অন্যদিকে বিকেলে বাঁশবাড়িয়ায় আমজাদ হোসেনের গণশক্তির বিস্ফোরণ–দুই স্রোতের সংঘাতে দিনভর টালমাটাল থাকে গাংনী রাজনৈতিক অঙ্গন। শনিবার সকাল থেকেই বিক্ষুব্ধ নেত্রীদের ঢলে গাংনী ফুটবল মাঠ পরিণত হয় নারীদের তীব্র প্রতিবাদের মঞ্চে। মনোনয়ন বাতিলের দাবিতে মিছিল শুরু হতেই পুরো শহর কেঁপে ওঠে স্লোগান আর হুঙ্কারে। মিছিলটি ফুটবল মাঠ থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে গাংনী বিএনপি কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। পরে সেখানে সমাবেশ হয়। মিছিলে নেতৃত্ব দেন উপজেলা মহিলা দলের সভানেত্রী ফরিদা পারভীন। সমাবেশে বক্তব্য দেন–জেলা মহিলা দলের ভাইস প্রেসিডেন্ট ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান লাইলা আরজুমান বানু, উপজেলা সাধারণ সম্পাদক খালেদা ইয়াসমীন, শিল্পী খাতুন, জেসমীন আক্তার ও হানুফা খাতুন। বক্তারা ক্ষোভ উগরে দিয়ে বলেন– "মেহেরপুর-২ আসনে যে মনোনয়ন দেওয়া হয়েছে তা জনমতের পরিপন্থী। এই মনোনয়ন বাতিল না হলে গাংনীর রাস্তায় আরও বড় আন্দোলন গড়বো।" বিভিন্ন ইউনিয়ন থেকে আসা নেত্রীদের ঢলে পুরো শহর হয়ে ওঠে উত্তপ্ত। অন্যদিকে বিকেলে বাঁশবাড়িয়া বাজারে দেখা যায় সম্পূর্ণ ভিন্ন চিত্র–একদিকে বিরোধ, অন্যদিকে জনতার ঢলে শক্তি দেখালেন মনোনীত প্রার্থী মো. আমজাদ হোসেন। বাঁশবাড়িয়া বাজার থেকে বিশাল গণমিছিল শুরু হতেই শহরজুড়ে তৈরি হয় উৎসবমুখর পরিবেশ। নারী-পুরুষ, তরুণ-প্রবীণ–সবাই দলে দলে যোগ দেন মিছিলে। গাংনী শহর মুহূর্তেই রূপ নেয় জনসমুদ্রে। গণ মিছিল

২-এর পৃষ্ঠা দেখুন

## "টাকা নিন, ভোট দেবেন না"– ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল সাদ্দামের পরামর্শ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম সাদ্দাম বলেছেন অর্থ দিয়ে এখন আর ভোট কেনা যাবে না, বিএনপি যে পরিমাণ চাঁদাবাজি করেছে সেই টাকা দিয়ে ভোট কেনার চেষ্টা করবে। তিনি বলেন, বিএনপি ১ হাজার ২ হাজার কোটি টাকা চাঁদাবাজি করবে আর ১০০ কোটি টাকা জনগণের মাঝে বিলাবে। টাকা দিলে আপনারা টাকা নিয়ে নেবেন কিন্তু ভোট দেবেন না,



কারণ বিএনপিকে ভোট দিলে তারা আবার চাঁদাবাজি করে সেই টাকা উসুল করে নিবে। শনিবার সকালে মেহেরপুর জেলা ইসলামী ছাত্রশিবিরের আয়োজনের সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, বিএনপি কখনো নিজেদের টাকা বিলি করে না বিএনপিতে এতো ভালো লোক নেই। বিএনপ্পির কাছে বাংলাদেশ নিরাপদ না, আন্ত কোন্দলে তারা ১৮৫ জন নিজেদের লোককে হত্যা করেছে, জুলায়ে তাদের এত শহীদ নাই, বুকে হাত দিয়ে তারা বলতে পারবে না। ১শ ৫৫ জন লোকের একটা তালিকা তারা ফেসবুকে দিয়েছিল তার বেশিরভাগই শিবিরের লোক ছিল। নিজেদের তালিকা ভরানোর জন্য তারা ছাত্র শিবিরের নাম ব্যবহার করেছে। সমাবেশে মেহেরপুর জেলা শিবিরের সভাপতি আব্দুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের গবেষণা সম্পাদক ফখরুল ইসলাম, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজউদ্দিন খান, সাধারণ সম্পাদক ইকবাল হুসাইন, মেহেরপুর সদর উপজেলা জামায়াতে ইসলামীর আমির সোহেল রানা, আদর্শ

২-এর পৃষ্ঠা দেখুন



## চার প্রতিবন্ধীর দুঃখে ছুটলেন জেলা প্রশাসক

নিজস্ব প্রতিবেদক.গাংনী

ঘরজুড়ে আলো থাকলেও জীবন যেন অন্ধকারে ঢেকে। মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামের এমন এক পরিবারের কষ্টকর জীবনযাপন সম্প্রতি প্রকাশ্যে আসে। পরিবারটির চারজন সদস্যই প্রতিবন্ধী হওয়ায় প্রতিদিনই কঠিন সংগ্রামের মধ্য দিয়ে টিকে আছেন তারা।গতকাল শনিবার পরিবারের বাড়িতে গিয়ে বিদায়ী

২-এর পৃষ্ঠা দেখুন

## কুরআন প্রতিযোগিতায় সফল তিন ছাত্রকে সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মিফতাহুল কুরআন মাদ্রাসা ও হেফজখানার উদ্যোগে জেলা পর্যায়ে অনুষ্ঠিত হেফজুল কুরআন প্রতিযোগিতায় স্থান অর্জনকারী তিন মেধাবী ছাত্রকে সংবর্ধনা দেওয়া হয়েছে।গতকাল শনিবার সকালে মাদ্রাসার মিলনায়তনে আয়োজনের মাধ্যমে এই সংবর্ধনা অনুষ্ঠিত হয়। মাদ্রাসার অধ্যক্ষ মোঃ শাহজালালের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মোঃ শাহাজাহান, হাফেজ মোহাম্মদ আবু হুরায়রা, আব্দুল হালিম, রমজান আলী, আমির হামজা লিংকন প্রমুখ। সংবর্ধনা অনুষ্ঠানে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে নারী ও জেন্ডার সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

এফসিডিও'র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের "মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড স্ট্যাবিলিটি (এমআইপিস)" প্রকল্পের আওতায় মেহেরপুর সদরে জেন্ডার সচেতনতা ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে প্রবাসী কুপিয়ে নিহত

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহ সদর উপজেলার কালা গ্রামে জমি সংক্রান্ত দ্বন্দ্বের জেরে এক প্রবাসী নিহত হয়েছেন।গতকাল শনিবার সকালে স্থানীয় এই ঘটনাটি ঘটেছে। নিহত মাহবুব হোসেন (৪০) ওই গ্রামের বাসিন্দা। তিনি চার মাস আগে কম্বোডিয়া থেকে দেশে ফেরেন। মাহবুবের চাচাতো ভাই জিয়ারুল ইসলাম বলেন" তাদের এক চাচার জমি নিয়ে প্রতিবেশী হুমায়ন মোল্লা গ্রুপের সঙ্গে দ্বন্দ্ব চলছিল। আজ রবিবার সেই জমি নিয়ে কয়েকটি গ্রামের মাতব্বরের মাধ্যমে সালিশ হওয়ার কথা ছিল। শনিবার সকাল ১০টার দিকে মাহবুব নিজ বাড়িতে ফেরার পথে

২-এর পৃষ্ঠা দেখুন



## মানসম্মত শিক্ষার জন্য ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা

নিজস্ব প্রতিবেদক

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। এ উদ্যোগের অংশ হিসেবে শনিবার সকাল ১০টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর হলরুমে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভার আয়োজন

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগর-শ্যামপুরে মাসুদ অরুনের গণসংযোগ ও কর্মী সভা

নিজস্ব প্রতিবেদক

আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে মেহেরপুরে বিএনপির সাবেক সংসদ সদস্য ও ধানের শীষ প্রতীকের প্রার্থী মাসুদ অরুন জেলা ও উপজেলার বিভিন্ন এলাকায় নির্বাচনী কর্মসূচি চালাচ্ছেন। শনিবার বিকেলে মুজিবনগর উপজেলার বাগুয়ান ইউনিয়নের ভবর পাড়া গ্রামে কর্মী সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাসুদ অরুন। বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ। ইউনিয়ন সভাপতি আব্দুল শাহর সভাপতিত্বে সভায় স্থানীয় ইউপি সদস্য, সাবেক ইউপি সদস্য,

২-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপি-জামায়াত-এনসিপি মুখে এক, ভেতরে আরেক

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ ও গণভোট প্রসঙ্গে রাজনৈতিক দলগুলো ভিন্ন ভিন্ন প্রকাশ্য অবস্থান নিলেও ভেতরে তাদের হিসাব-নিকাশ ভিন্ন। বিএনপি প্রকাশ্যে সমালোচনা করলেও আদেশ মেনে নিয়েছে। অন্যদিকে জামায়াতে ইসলামী ও এনসিপি প্রকাশ্যে ক্ষোভ দেখালেও আদেশে থাকা বিভিন্ন সংস্কার প্রস্তাব বাস্তবায়নের বিধানে তারা সন্তুষ্ট বলে দলের অভ্যন্তরীণ সূত্র জানিয়েছে। কোনো দলই আদেশ প্রত্যাখ্যান বা আন্দোলনের পথে যাচ্ছে না। গত বৃহস্পতিবার উপদেষ্টা পরিষদের অনুমোদন সাপেক্ষে রাষ্ট্রপতি সনদ বাস্তবায়ন আদেশ

২-এর পৃষ্ঠা দেখুন



## শীতার্তদের পাশে দাঁড়ালো এনসিপি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) শীতার্ত ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে। শুরু হয়েছে শীতের আগমনী বার্তা, আর কয়েক দিয়েক দিন পর শুরু হবে কনকনে ঠান্ডা। এই কনকনে ঠান্ডা থেকে অসহায় মানুষের কস্ট লাঘবের জন্য তাঁদের পাশে দাঁড়াতে এ উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন এনসিপির নেতৃবৃন্দ। জাতীয় নাগরিক পার্টি-এনসিপির মেহেরপুর জেলা শাখার যুগ্ম-সমন্বয়কারী আরিফ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন

## বিকাশ প্রতারণায় কৃষকের ২৫ হাজার টাকা উধাও

নিজস্ব প্রতিবেদক. গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলায় ফোন ও অনলাইন প্রতারণার মাধ্যমে এক কৃষকের বিকাশ অ্যাকাউন্ট থেকে ২৫ হাজার ৮০০ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় ভুক্তভোগী গাংনী থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। অভিযোগে জানা গেছে, গত ১৫ নভেম্বর দুপুর ১২টা ২৭ মিনিটে পলাশী পাড়া গ্রামের বাসিন্দা মোঃ খোরশেদ আলীর (পিতা–মোঃ ইয়াকুব আলী) ব্যক্তিগত বিকাশ নম্বরে একটি মিথ্যা 'টাকা পাওয়ার' মেসেজ পাঠানো হয়। কিছুক্ষণ পর ০১৮১৮৬৬৪৮৫৭ নম্বর থেকে অজ্ঞাত ব্যক্তি ফোন করে জানান, ভুলবশত তার টাকা খোরশেদের নম্বরে চলে গেছে এবং এজন্য তার বিকাশ অ্যাকাউন্ট নাকি "বন্ধচ হয়ে গেছে। এর পরপরই আরেকটি অনলাইন নম্বর থেকে নিজেকে বিকাশ অফিসের লোক পরিচয় দিয়ে কলকারী খোরশেদকে জানান, অ্যাকাউন্ট ঠিক করতে হলে তার ফোনে আসা কোড বলতে হবে। সরল বিশ্বাসে খোরশেদ ওই কোড জানিয়ে দেন। পরে প্রতারক চক্র বিকাশ নম্বর ০১৮৩৯২৪১১১৭-এ ২৫,৮০০ টাকা পাঠাতে

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (হুমকি-শেষে ধর্ষণ গ্রেপ্তার ২)

লাইলি মজনুর প্রেম কাহিনী
শুনেছি লোকের মুখে
অমর প্রেম গাঁথা আছে
বই পুস্তকের মাঝে।
এমন প্রেম করলি তোরা
ঘুরলি সারা বেলা
ফেরার পথে সন্ধ্যা হলে
পশুর হাতে খাইলি দুজন ধরা
বলল প্রেমিক একটু দাঁড়া
আনছি আমি টাকা
ফিরে গিয়ে দেখল প্রেমিক
ততক্ষণে সবকিছুতেই সারা।
ধরতে হবে আসামিকে
ঝুলাতে হবে ইট
এই মামলায় হবে সাজা
যাবজ্জীবন ঠিক।



## জামায়াতে ইসলামী'র গণসংযোগ ও পথসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন এলাকায় বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে গণসংযোগ ও নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেলে সদর উপজেলার আমদহ গ্রামে দলের নেতাকর্মীরা প্রধান সড়ক ও ব্যবসা প্রতিষ্ঠানে জনসম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে গণসংযোগ পরিচালনা করেন। এসময়

২-এর পৃষ্ঠা দেখুন

## হাদির নির্বাচনি প্রচারণায় ময়লা পানি নিক্ষেপ

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা-৮ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়তে যাওয়া ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদি নির্বাচনি প্রচারণার সময় বিরূপ পরিস্থিতির মুখোমুখি হয়েছেন। শনিবার (১৫ নভেম্বর) রাজধানীর মতিঝিলের এজিবি কলোনিতে প্রচারণার সময় তার সঙ্গে থাকা দলের কর্মী ও সাংবাদিকদের গায়ে ময়লা পানি নিক্ষেপ করা হয়। ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে হাদিকে বলতে শোনা যায়, "ভাই, ময়লা পানি যে মারছেন আরও মারতে পারেন, সমস্যা

২-এর পৃষ্ঠা দেখুন



## র‍্যাবের অভিযানে হত্যা মামলার পলাতক আসামী গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর ও ঝিনাইদহের র‍্যাব যৌথ অভিযানে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার জয়নুর হত্যা মামলার দুই পলাতক আসামীকে গ্রেফতার করেছে। দীর্ঘদিন আত্মগোপনে থাকা আসামীদের ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়েছে।
(র‍্যাব)-১২, সিপিসি-৩, মেহেরপুর এর কোম্পানী কমান্ডার

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানাঃ মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর .
হেল্পলাইনঃ ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ রোববার ॥ ১ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ১৬ নভেম্বর ২০২৫ইং

## বাংলাদেশের গণতান্ত্রিক উত্তরণে সমর্থন জানাল ইউরোপীয় ইউনিয়ন

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের অধীনে বাংলাদেশে চলমান গণতান্ত্রিক উত্তরণের প্রক্রিয়াকে পূর্ণ সমর্থন জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) সংস্থাটির সরকারি ফেসবুক পেজে প্রকাশিত এক পোস্টে এ অবস্থান তুলে ধরা হয়। ইইউ জানায়, দেশের নেতৃত্বের প্রতি তাদের আস্থা অটুট রয়েছে। পাশাপাশি রাজনৈতিক দলগুলোকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়ে অংশগ্রহণমূলক নির্বাচনী প্রক্রিয়ায় গঠনমূলকভাবে যুক্ত হওয়ার তাগিদ দিয়েছে সংস্থাটি। ইইউর বিবৃতিতে বলা হয়, "অন্তর্বর্তী সরকারের অধীনে গণতান্ত্রিক নির্বাচনের পথে বাংলাদেশের এগিয়ে যাওয়াকে আমরা সমর্থন করি।" আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য অংশগ্রহণমূলক, অবাধ ও সুষ্ঠু জাতীয় নির্বাচন আয়োজনের লক্ষ্যে নেওয়া পদক্ষেপকে ইতিবাচক বলে আখ্যায়িত করে তারা প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বকে স্বাগত জানায়। রাজনৈতিক দলগুলোর প্রতি দায়িত্বশীল আচরণের আহ্বান জানিয়ে ইইউ আরও বলেছে, "আমরা রাজনৈতিক দলগুলোকে পরবর্তী ধাপে গঠনমূলকভাবে অংশগ্রহণ করতে উৎসাহিত করছি।" ইইউর এই অবস্থানকে বাংলাদেশে গণতন্ত্র পুনরুদ্ধার ও রাজনৈতিক স্থিতিশীলতা নিশ্চিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ সমর্থনের বহিঃপ্রকাশ হিসেবে দেখা হচ্ছে।

### নির্বাচনের পাঁচ দিন আগেই মাঠে নামবে আইনশৃঙ্খলা বাহিনী: স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে নিরাপত্তা ব্যবস্থাকে সর্বোচ্চ পর্যায়ে নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, ভোটের পাঁচ দিন আগে থেকেই সমস্ত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মাঠে নামবে এবং মোট নয় দিন টানা দায়িত্ব পালন করবে। শনিবার (১৫ নভেম্বর) দুপুর আড়াইটার দিকে পটুয়াখালী সার্কিট হাউজের সামনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে স্বরাষ্ট্র উপদেষ্টা এ তথ্য জানান। তিনি বলেন, "নির্বাচনের আগে পাঁচ দিন, নির্বাচনের দিন এবং পরে আরও

৩-এর পৃষ্ঠা দেখুন

### গণভোটের চার প্রশ্নে দ্বিমত থাকলে 'না' বলার সুযোগ কোথায়: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

গণভোটের প্রস্তাবিত চারটি প্রশ্নে ভোটারদের দ্বিমত জানানোর সুযোগ রাখা হয়নি বলে অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, "চারটির যে কোনো একটির সঙ্গে দ্বিমত থাকলে 'না' বলার সুযোগ কোথায়? একমত না হলে জনগণ কীভাবে মত দেবে–গণভোটের প্রশ্নপত্রে সে উল্লেখ নেই।" শনিবার (১৫ নভেম্বর) দুপুরে রাজধানীর শ্যামলীতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে অসুস্থ বেতার শিল্পী আফরোজা নিজামীকে আর্থিক সহযোগিতা প্রদান অনুষ্ঠানে অংশ

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



### খসখসে রুক্ষ ত্বক? ঘরেই বানিয়ে নিন প্রাকৃতিক ক্রিম

সূর্যোদয় প্রতিবেদন

শীতকাল আসা মানেই ত্বকের হাজারো সমস্যা–বিশেষ করে রুক্ষতা, টানটান ভাব আর খসখসে শুষ্কতা। এই সময়ে ময়েশ্চারাইজার ছাড়া এক মুহূর্তও চলে না। তবে বাজারজাত কেমিক্যালযুক্ত ক্রিম ব্যবহার না করে, প্রকৃতি নির্ভর সমাধান খুঁজছেন যারা, তাদের জন্য রয়েছে দারুণ সুখবর!

ঠান্ডা মৌসুমে ত্বক শুষ্ক ও রুক্ষ হয়ে যাওয়াটা স্বাভাবিক। বাজারজাত ক্রিম অনেক সময় খুব দ্রুত শুষে যায়। তবে ঘরে সহজ উপাদান দিয়ে বানানো ক্রিম ত্বকের আর্দ্রতা ধরে রাখে দীর্ঘ সময় এবং শুষ্ক আবহাওয়ার প্রভাব থেকে রক্ষা করে।

১. শিয়া বাটার-আমন্ড ক্রিম: উপকরণ: দুই টেবিলচামচ শিয়া বাটার, এক টেবিলচামচ আমন্ড অয়েল, এক-দুই ফোঁটা ল্যাভেন্ডার বা রোজ এসেনশিয়াল অয়েল।পদ্ধতি: শিয়া বাটার গলিয়ে তাতে আমন্ড অয়েল মিশান। এসেনশিয়াল অয়েল

৩-এর পৃষ্ঠা দেখুন



### ভৈরবের মাসিক সাহিত্য বাসর অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে "ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর" এর আয়োজনে মাসিক সাহিত্য বাসর অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকালে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন "ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর" এর সভাপতি আলহাজ্ব অ্যাড. এম. আনোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন সিনিয়র সহ-সভাপতি ডাঃ এম.এ. বাশার, সহ-সভাপতি রফিকুল আলম ও নুরুল আহমেদ। সাধারণ সম্পাদক মেহের আমজাদ এর সঞ্চালনায় বক্তব্য রাখেন সাবেক সাধারণ সম্পাদক সায়েদুর রহমান সাজু, শিক্ষক ও কবি মো: আনিছুর রহমান, নির্বাহী কমিটির সদস্য নিলুফার বানু, মো: শাহজাহান প্রমুখ। সাহিত্য বাসরে কবিতা পাঠ করেন রফিকুল আলম, ম. গোলাম মোস্তফা, মেহের আমজাদ, এস.এম.এ মান্নান, আবুল হাসেম, রফিকুল ইসলাম এবং ডা: মহিবুল ইসলাম।

### আগের তিনটির মতো নির্বাচন হলে জাতির ভাগ্যে দুর্ভোগ নেমে আসবে: মিয়া গোলাম পরওয়ার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য মিয়া গোলাম পরওয়ার বলেছেন, "এবারের জাতীয় নির্বাচন যদি ২০১৪, ২০১৮ ও ২০২৪-এর মতো হয়, তাহলে জাতির ভাগ্যে আবারও চরম দুর্ভোগ নেমে আসবে।" শনিবার (১৫ নভেম্বর) সকালে খুলনার জিরো পয়েন্টে এক মোটরসাইকেল শোভাযাত্রার উদ্বোধনী পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, "প্রশাসনকে অনুরোধ করছি–নিরপেক্ষ থাকুন, একটি স্বচ্ছ ও বিশ্বাসযোগ্য নির্বাচন নিশ্চিত করুন। প্রত্যেক প্রার্থী যেন সমান সুযোগ পায়, সেটি নিশ্চিত করতে হবে।" অতীতের অভিজ্ঞতার কথা তুলে ধরে তিনি দাবি করেন, "যারা অতীতে একটি বিশেষ দলের পক্ষে কাজ করেছিলেন, অনেকেই পালিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন



### মেহেরপুর-১ আসনে শাপলাকলি প্রতিকে সোহেল'র দলীয় মনোনয়ন জমা

নিজস্ব প্রতিবেদক

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনের প্রার্থীর দলীয় মনোনয়নপত্র জমা দিলেন এনসিপি'র কেন্দ্রীয় কমিটির সদস্য ইঞ্জিনিয়ার সোহেল রানা। বৃহস্পতিবার সন্ধ্যায় তিনি এনসিপি'র কেন্দ্রীয় কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে মনোনয়নপত্র দাখিল করেন। মনোনয়ন জমা দেওয়ার পর তিনি সাংবাদিকদের বলেন, "মেহেরপুর আমার জন্মভূমি। এখানকার মানুষের স্বপ্ন ও সম্ভাবনাকে কেন্দ্র করে আমি কাজ করতে চাই। ন্যায়, উন্নয়ন ও পরিবর্তনের রাজনীতি গড়তে এনসিপি আমার প্ল্যাটফর্ম।" তিনি আরো বলেন, "তিনি দীর্ঘদিন ধরে সমাজসেবা, শিক্ষা, ন্যায়বিচার প্রতিষ্ঠা ও তরুণ নেতৃত্ব বিকাশে কাজ

৩-এর পৃষ্ঠা দেখুন

### ড. ইউনূসের ভাষণে তিন দলের 'মন রক্ষা'

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস শনিবার জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট একসঙ্গে আয়োজনের ঘোষণা দিলে রাজনৈতিক দলগুলোর মধ্যে দীর্ঘদিনের বিরোধের অবসান ঘটেছে। বিএনপি প্রকাশ্যে নোট অব ডিসেন্ট উল্লেখ করলেও বাস্তবে সিদ্ধান্ত মেনে নিয়েছে। জামায়াত ও এনসিপিও নতুন কোনো বিরূপ কর্মসূচি চালায়নি। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, প্রধান উপদেষ্টার ভাষণ তিন দলের ভারসাম্য বজায় রাখায় মোটামুটি সন্তুষ্টি সৃষ্টি করেছে। এতে ফেব্রুয়ারির নির্বাচনের সম্ভাব্য বাধা দূর হয়েছে। বিএনপি, জামায়াত ও এনসিপি ছাড়াও অন্যান্য দল প্রধান উপদেষ্টার ঘোষণাকে বাস্তবতার সঙ্গে মেনে নিয়েছে। গণসংহতি আন্দোলন, আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি) ও অন্যান্য রাজনৈতিক সংগঠনও

৩-এর পৃষ্ঠা দেখুন



### রাগিব রউফ: সাংবাদিকতা উচ্চ পেশা, ন্যায্য সুবিধা রাষ্ট্রের দায়িত্ব

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনে বিএনপির মনোনীত প্রার্থী ব্যারিস্টার রাগিব রউফ চৌধুরী বলেছেন, জেলা ও উপজেলা পর্যায়ের সাংবাদিকরা সামাজিকতা পেশা হিসেবে কাজ করেন। মফস্বলের সাংবাদিকরা আর্থিক সুবিধা ছাড়া বা নামমাত্র সুবিধায় কাজ করছেন।গতকাল শনিবার মিরপুর প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি বলেন, "সাংবাদিকতা একটি উচ্চ শ্রেণির পেশা। তাদের ন্যায্য সুবিধা দেওয়া রাষ্ট্রের মৌলিক দায়িত্ব।" রাগিব রউফ তার নির্বাচনী লক্ষ্য হিসেবে তিনটি তুলে ধরেন–মাদক ও সন্ত্রাস নির্মূল, বাল্যবিবাহ বন্ধ এবং শিক্ষা ও সামাজিক উন্নয়ন। তিনি বলেন, "নারী শিক্ষার্থী কমে যাওয়ার মূল কারণ বাল্যবিবাহ, আর ছেলে শিক্ষার্থীর সংখ্যা কমার কারণ মাদক। শিক্ষাপ্রতিষ্ঠানেও লেখাপড়ার পরিবেশ নিশ্চিত করতে হবে।" তিনি আরও বলেন, "আমি মাদক,

৩-এর পৃষ্ঠা দেখুন



### ৩৫ বলেই সেঞ্চুরি করলেন হাবিবুর

সূর্যোদয় প্রতিবেদন

ইতিহাস গড়লেন হাবিবুর রহমান সোহান। রাইজিং স্টার্স এশিয়া কাপ-এ মাত্র ৩৫ বল খেলে সেঞ্চুরি করেন হাবিবুর, যা স্বীকৃত টি-টোয়েন্টিতে বাংলাদেশের পক্ষে দ্রুততম। এই রেকর্ড ইনিংসের সুবাদে বাংলাদেশের 'এ' দল প্রথম ম্যাচে ৮ উইকেটে হংকংকে হারায়। দোহায় ম্যাচে টস হেরে আগে ব্যাট করে হংকং। বাবর হায়াতের ৬৩ রানের ইনিংসে তারা ৮ উইকেটে ১৬৭ রান সংগ্রহ করে। লক্ষ্য তাড়া করতে নেমে বাংলাদেশ 'এ' দল মাত্র ৫৪ বল হাতে রেখে ৮ উইকেটে

৩-এর পৃষ্ঠা দেখুন



### সাকিবের বাংলাদেশে খেলার সম্ভাবনা নেই: আসিফ আকবর

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জাতীয় দলের অভিজ্ঞ ক্রিকেটার সাকিব আল হাসান দেশের জার্সিতে ফিরবেন কি না তা নিয়ে প্রতিক্রিয়া দিয়েছেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালক আসিফ আকবর। তার মতে, সাকিব যদি অনুশোচনা না দেখান, তাহলে তার জাতীয় দলে ফেরার সম্ভাবনা নেই।

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রায় ৭৫০ বছরের ঐতিহ্য মন্ডিত তাওহিদ ও শিরক, সুন্নাত ও বিদয়াতের পার্থক্যকারী বিশ্ব মুসলিম ঐক্যের প্রতীক

দরবারে ফুরফুরার

মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহহার সিদ্দিকী আল কোরাইশী (রহ.) কর্তৃক প্রতিষ্ঠিত জমিয়তুল মুসলিমীন হিযবুল্লাহ, মেহেরপুর জেলা মারকাজের উদ্যোগে

বার্ষিক ওয়াজ মাহফিল ও ইসালে-সাওয়াব

তারিখঃ ২২ নভেম্বর'২৫ ইং রোজ: শনিবার সময়: বাদ আছর

স্থানঃ দারুর-রহমত খানকায়ে ফুরফুরা মেহেরপুর জেলা মারকাজ, রহমতপুর (দফরপুর) (মেহেরপুর-মহাজনপুর রোডে রায়পুর ও কোলা গ্রামের মাঝে)

তাশরীফ আনবেন

মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহহার সিদ্দিকী আল কোরাইশী (রহঃ)-এর সুযোগ্য ছোট সাহেবজাদা

শাহ্ ফতেহ্ আলী মুহাম্মাদ আয়াতুল্লাহ্ সিদ্দিকী আল-কোরাইশী

ওয়াজ করবেন ঃ

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ হযরত মাওঃ আওয়াবুল্লাহ্ ইব্রাহিম অধ্যক্ষ, পাংশা সিদ্দিকিয়া ফাজিল মাদরাসা, রাজবাড়ী।

হযরত মাওঃ মোঃ আব্দুল খালেক মুয়াল্লিম, পাকশী ফুরফুরা দরবার

হযরত মাওঃ মোঃ আবুল কালাম চৌগাছা, যশোর

আরো ওয়াজ করবেন পীর সাহেব হুজুরের সফরসঙ্গী, স্থানীয় ওলামায়ে কেরাম ও মুবাল্লিগগণ।

পরিচালনা করবেন: আলহাজ্ব হযরত মাওঃ আব্বাচ আলী প্রবীণ খলিফা, ফুরফুরা শরীফ

দলমত নির্বিশেষে উক্ত মাহফিলে যোগদান করে দোজাহানের খায়ের ও বরকত লাভ করুন।

এন্তেজামে: মেহেরপুর জেলা মারকাজ কমিটি, রহমতপুর, মেহেরপুর।

১৫ ডিসেম্বর থেকে অত্র মাদরাসায় ভর্তি শুরু হবে

মনে রাখবেন: ফুরফুরা দরবার ঢাকা দারুস সালামে আগামী ৩০, ৩১ ডিসেম্বর ২০২৫ ও ১, ২ জানুয়ারী ২০২৬ ওয়াজ মাহফিল ও ইসালে সাওয়াব অনুষ্ঠিত হবে।

জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

### পাবলিক ওয়াইফাই ব্যবহার সতর্ক থাকুন

সূর্যোদয় প্রতিবেদন

অনেকেই ক্যাফে, হোটেল বা এয়ারপোর্টে বিনামূল্যে পাবলিক ওয়াইফাই ব্যবহার করেন। তবে গুগল সতর্ক করছে, এটি হতে পারে বিপজ্জনক। কারণ পাবলিক ওয়াইফাই সহজে হ্যাক করা যায় এবং অনিরাপদ সংযোগের মাধ্যমে হ্যাকাররা আপনার ব্যাংক অ্যাকাউন্ট, ব্যক্তিগত তথ্য বা অন্যান্য সংবেদনশীল তথ্য চুরি করতে পারে। গুগলের সাম্প্রতিক প্রতিবেদনে বলা হয়েছে, লেখাভিত্তিক প্রতারণা এবং মোবাইলভিত্তিক সাইবার হামলার সংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এর মধ্যে পাবলিক ওয়াইফাই ব্যবহার অন্যতম বড় ঝুঁকি। বিশেষ করে অনলাইন ব্যাংকিং, কেনাকাটা বা ব্যক্তিগত তথ্য সংবলিত অ্যাকাউন্টে লগইন করার সময়




সাবধান হওয়া জরুরি। প্রযুক্তির উন্নতির সঙ্গে প্রতারকদের কৌশলও বদলাচ্ছে। তারা এখন সংগঠিতভাবে কাজ করছে, চুরি করা ফোন নম্বর ব্যবহার করে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)

কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অবৃস এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --

হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়

মেহেরপুর, রোববার, ১৬ নভেম্বর ২০২৫ ইং

## চাঁদাবাজি, ব্ল্যাকমেইলের পর ধর্ষণ–এই নৃশংসতা আর কতকাল?

মেহেরপুরের রাজাপুরে কলেজছাত্রীকে গণধর্ষণের যে ঘটনা প্রকাশ পেয়েছে, তা সাম্প্রতিক সময়ের সবচেয়ে ভয়াবহ ও বেদনাদায়ক নিপীড়নের উদাহরণগুলোর একটি। তিন যুবকের ব্ল্যাকমেইল, অর্থ দাবির পর শেষ পর্যন্ত ধর্ষণের ঘটনা শুধু আইনশৃঙ্খলা পরিস্থিতির ভঙ্গুরতা নয়–সমাজের নৈতিক অবক্ষয়েরও জ্বলন্ত প্রমাণ। মামলার বিবরণ বলছে, একটি নির্জন আমবাগানে অস্ত্রের মুখে এক তরুণী ও তার সঙ্গীকে আটক করে ২০ হাজার টাকা দাবি করা হয়। টাকা না দিলে ভিডিও ধারণ করে সামাজিকমাধ্যমে ছড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়–চাঁদাবাজির সঙ্গে প্রযুক্তিনির্ভর ব্ল্যাকমেইলের যে বিপজ্জনক নতুন রূপ সম্প্রতি বেড়েছে, এটি তারই আরেকটি নির্মম উদাহরণ। তরুণীর সঙ্গী টাকা আনতে গেলে তিন যুবক মিলে তাকে ধর্ষণ করে–এমন নৃশংসতা কোনো সভ্য সমাজেই গ্রহণযোগ্য হতে পারে না। অভিযুক্ত তিনজনের দুজনকে পুলিশ গ্রেপ্তার করেছে; মিনারুল নামের অপরজন এখনও পলাতক। পুলিশ বলছে, তাকে আটকে অভিযান চলছে। আমরা আশা করি, মামলার তদন্ত দ্রুত ও নিরপেক্ষভাবে সম্পন্ন হবে এবং সমস্ত অপরাধী আইনের আওতায় আসবে। শুধু গ্রেপ্তার নয়, আদালতে সঠিক সাক্ষ্য-প্রমাণ উপস্থাপন করে দ্রুত বিচার নিশ্চিত করাই এখন প্রধান প্রয়োজন। প্রশ্ন হচ্ছে–নারীর প্রতি এমন বর্বরতা কবে কমবে? আইন আছে, কিন্তু আইন প্রয়োগে দুর্বলতা ও বিচার বিলম্ব অপরাধীদের মনে যে দুঃসাহস তৈরি করে, এটিই এমন ঘটনার মূল কারণ। গ্রাম-গঞ্জের স্থানীয় প্রভাব, পারিবারিক তদবির বা সামাজিক চাপে অনেক সময় ধর্ষণ মামলা ধামাচাপা পড়ার প্রবণতা আমরা প্রায়ই দেখি। এবার যেন সে সুযোগ কেউ না পায়–এটি রাষ্ট্র ও সমাজ উভয়েরই দায়িত্ব। ভুক্তভোগী তরুণীর নিরাপত্তা, চিকিৎসা ও মানসিক সহায়তা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। ধর্ষণ শুধু শারীরিক নয়–অন্তহীন মানসিক ক্ষতের জন্ম দেয়। তাই তাকে যথাযথ সহায়তা দেওয়া রাষ্ট্রের নৈতিক দায়িত্ব। এ ঘটনাকে কেন্দ্র করে রাজাপুরসহ আশপাশের এলাকায় ক্ষোভ ছড়িয়ে পড়েছে। এটি অবশ্যই স্বাভাবিক প্রতিক্রিয়া। কিন্তু ক্ষোভই যথেষ্ট নয়; সমাজকে নারীর প্রতি বিদ্বেষ, লালসা ও সহিংসতার বিরুদ্ধে আরও দৃঢ় হতে হবে। পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক কাঠামোর প্রতিটি স্তরকে সত্যিকার অর্থে দায়িত্ব নিতে হবে। মেহেরপুরের এই নির্মম ঘটনা আরেকবার স্মরণ করিয়ে দিল–নারী নিরাপত্তা আমাদের অগ্রগতির সবচেয়ে দুর্বল জায়গা। কঠোর শাস্তি, দ্রুত বিচার ও সামাজিক প্রতিরোধ–এই তিন পথেই কেবল এমন নৃশংসতা কমানো সম্ভব। রাষ্ট্রকে এখনই সেই দৃঢ়তা দেখাতে হবে।

## “টাকা নিন, ভোট দেবেন না”–

(প্রথম পৃষ্টার পর)

শিক্ষক ফেডারেশনের সভাপতি আল আমিন বকুল, জেলা শিবিরের সেক্রেটারি মোঃ সাইদুর রহমান।

## রাজনৈতিক উত্তাপ ছড়িয়ে পড়ে শহর

(প্রথম পৃষ্টার পর)

শেষে বক্তব্যে আমজাদ হোসেন বলেন– “হামলা-মামলা-জেল-জুলুম সব সহ্য করেছি। তবু মানুষের পাশে দাঁড়ানো থেকে একচুলও পিছাইনি। আজকের জনতার ঢলই প্রমাণ–গাংনী ধানের শীষের দুর্গ।” তিনি আরও বলেন– “একটি মহল বিভ্রান্তি ছড়াচ্ছে, অপপ্রচার চালাচ্ছে। এসব নাটকে কান দেবেন না। মনোনয়ন নিয়ে যে বিভ্রান্তি তৈরি করা হচ্ছে–জনতার উপস্থিতি তার জবাব দিয়েছে।” উপস্থিত মানুষের উদ্দেশে তাঁর আহ্বান– “যারা এখনও সিদ্ধান্তহীনতায় ভুগছেন, তারা ধানের শীষের পক্ষে এসে ঐক্যবদ্ধ হোন। দল বড়–মনোনয়ন প্রত্যাশীও ছিল অনেক। কিন্তু দল যাকে উপযুক্ত মনে করেছে তাকেই দায়িত্ব দিয়েছে। এখন লক্ষ্য একটাই–ধানের শীষের বিজয়।” তিনি বিএনপির ৩১ দফা রাষ্ট্র পুনর্গঠনের অঙ্গীকার বাস্তবায়নে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। গণমিছিলে সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি মতিউর রহমান মোল্লা। বক্তব্য দেন দল ও অঙ্গসংগঠনের শীর্ষ নেতারা। একদিকে বাতিলের দাবিতে মহিলা দলের বিক্ষোভ, অন্যদিকে আমজাদ হোসেনের শক্তি প্রদর্শন–দুটি মিছিলেই ছিল জনতার ঢল। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, “গাংনীতে মনোনয়ন ইস্যু বিএনপির ভেতরে অস্থিরতা বাড়াচ্ছে, তবে মাঠের শক্তি দেখিয়ে নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করছেন মনোনীত প্রার্থী আমজাদ।” দিনভর দুই শিবিরের কর্মসূচিতে গাংনী শহর হয়ে ওঠে সরগরম–পোস্টার, স্লোগান, নেতৃত্বের বার্তা আর রাজনৈতিক টানাপড়েনে দিনশেষে গাংনী যেন এক রাজনৈতিক যুদ্ধক্ষেত্র।

## দেশে বেড়েছে ইন্টারনেট ব্যবহারের

(প্রথম পৃষ্টার পর)

করছে দেশটি। ফ্রিডম হাউসের স্কোর নির্ধারণে তিনটি প্রধান বিষয় বিবেচনায় নেওয়া হয়– ১) ইন্টারনেটে প্রবেশের বাধা ২) অনলাইনে প্রকাশিত বিষয়বস্তুর ওপর নিয়ন্ত্রণ ৩) ব্যবহারকারীর অধিকার লঙ্ঘন এ তিন বিভাগে মোট ২১টি সূচকের ভিত্তিতে প্রতিটি দেশের অনলাইন স্বাধীনতার মাত্রা নির্ধারণ করা হয়। প্রতিবেদনে উল্লেখ করা হয়, অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসার পর ইন্টারনেট অবরোধ না করার নীতি গ্রহণ করেছে এবং ইন্টারনেট প্রবেশাধিকারকে মৌলিক মানবাধিকার হিসেবে বিবেচনার অবস্থান প্রকাশ করেছে। ২০২৫ সালের মে মাসে সরকার বিতর্কিত সাইবার নিরাপত্তা আইন (সিএসএ) বাতিল করে তার পরিবর্তে সাইবার নিরাপত্তা অধ্যাদেশ (সিএসও) জারি করে। নতুন আইনটিতে অনলাইন হয়রানি ও যৌন নির্যাতনবিরোধী কিছু সুরক্ষা যুক্ত করা হলেও আগের মতোই কিছু উদ্বেগের জায়গা–যেমন বক্তব্যের ওপর শাস্তিমূলক ব্যবস্থা ও নজরদারি–রয়ে গেছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর তুলনায় বাংলাদেশ পাকিস্তানের চেয়ে এগিয়ে রয়েছে। পাকিস্তান ২৭ পয়েন্ট পেয়ে ‘মুক্ত নয়’ দেশ হিসেবে তালিকায় রয়েছে। তবে ভারত (৫১) ও শ্রীলঙ্কা (৫৩) বাংলাদেশের চেয়ে এগিয়ে থেকে দুটিই ‘আংশিক মুক্ত’ শ্রেণিতে রয়েছে।

বিশ্বের সামগ্রিক চিত্রে দেখা যায়, অনলাইন স্বাধীনতা কমলেও বাংলাদেশে ইতিবাচক অগ্রগতি দেশের ডিজিটাল অধিকার ও গণতান্ত্রিক পরিবেশের উন্নতির দিকে নতুন আশার ইঙ্গিত দিচ্ছে।

## চার প্রতিবন্ধীর দুঃখে ছুটলেন জেলা

(প্রথম পৃষ্টার পর)

জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম তাদের সঙ্গে কথা বলেন। এ সময় তিনি খাদ্যসামগ্রী, শীতবস্ত্র ও আর্থিক অনুদান প্রদান করেন। সঙ্গে ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার হোসেন এবং সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর। পরিবারের করুণ বাস্তবতা তুলে ধরতে গিয়ে জন্মগত দৃষ্টি প্রতিবন্ধী পারিছা খাতুন জানান, অন্ধত্ব সত্ত্বেও তিনি সংসারের সব কাজ–রান্নাবান্না, সন্তানদের গোসল ও খাওয়ানো–নিজ হাতে করেন। তাঁর স্বামী শাহিন বুদ্ধিপ্রতিবন্ধী হওয়ায় নিয়মিত কাজ করতে পারেন না। দুই পুত্রসন্তান পারভেজ (১০) ও হামিম (৭)–তাদের দু’জনই দৃষ্টি প্রতিবন্ধী। আত্মীয়স্বজনের সহযোগিতায় চেষ্টা করেও সন্তানদের চোখে আলো ফেরানো সম্ভব হয়নি। পরিবারটির কষ্টের খবর শুনে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম গভীর সহমর্মিতা প্রকাশ করেন এবং তাদের দীর্ঘমেয়াদি সহায়তার ব্যবস্থা নিতে উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা দেন।

## কুরআন প্রতিযোগিতায় সফল তিন

(প্রথম পৃষ্টার পর)

প্রতিযোগিতায় স্থান পাওয়া ছাত্র আব্দুল হালিম, সুলতানুল গালিব ও সাব্বির আলীকে ফুলের মালা পরিয়ে ও সম্মাননা সনদ তুলে দেওয়া হয়। অনুষ্ঠানের শেষে কুরআন হিফজ শিক্ষার্থীদের অগ্রগতি ও সফলতা কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।


## মেহেরপুরে নারী ও জেন্ডার

(প্রথম পৃষ্টার পর)

দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে অনুষ্ঠিত এই প্রশিক্ষণে রাজনৈতিক, ধর্মীয় ও সুশীল সমাজের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। তারা পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) এবং নারী শান্তি সহায়ক দল (ওয়েভ)-এর সদস্য। অংশগ্রহণকারীরা ভবিষ্যতে মেহেরপুর সদর উপজেলায় সম্প্রীতি, জেন্ডার সমতা ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নে ভূমিকা রাখার প্রত্যাশা প্রকাশ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিএফজি কোঅর্ডিনেটর এস.এম মুজাহিদ আল মুন্না, পিস অ্যাম্বাসেডর সায়েদাতুন্নেসা নয়ন, আজমল হোসেন মিন্টু, মোঃ সিরাজ উদ্দীন, রোকসানা খাতুন এবং ওয়েভের সমন্বয়কারী সুমি বিশ্বাসসহ অন্যান্য সদস্য। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক মোঃ সিরাজুম মুনির। প্রশিক্ষণ পরিচালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের খুলনা অঞ্চলের এরিয়া কোঅর্ডিনেটর এস.এম রাজু জবেদ। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ফিল্ড কোঅর্ডিনেটর মোঃ আশরাফুজ্জামান ও একাউন্টস অফিসার অধিশ দাশ। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।

# মেহেরপুরের সাবিত্রী ও রস কদম : অমলিন স্বাদের ঐতিহ্য

লাবীবা আরজুমান্দ



দেড় শতাব্দীরও বেশি সময় ধরে মেহেরপুরের ঐতিহ্যবাহী মিষ্টি ‘সাবিত্রী’ ও ‘রস কদম’ স্বাদপ্রেমীদের মন জয় করে আসছে তাদের স্বকীয় স্বাদ ও গুণমানের জন্য। সাবিত্রী দেখতে অনেকটা চমচমের মতো, তবে আকারে কিছুটা লম্বা ও চ্যাপ্টা। অন্যদিকে রস কদম গোল ও রসালো। ঘরোয়া আড্ডা থেকে শুরু করে বিয়ে–মেহেরপুরে অতিথি আপ্যায়ন প্রায়ই এই দুই মিষ্টি ছাড়া রয়ে যায় অসম্পূর্ণ। ব্রিটিশ আমল থেকে সাবিত্রী তৈরির কারুকাজ চলে এসেছে প্রজন্ম থেকে প্রজন্মে। ১৮৬১ সালে মেহেরপুরের বড়বাজার এলাকায় বাসুদেব সাহা প্রথম এই মিষ্টি তৈরি করা শুরু করেন। পৌরাণিক চরিত্র ‘সতি সাবিত্রী’র পবিত্রতা ও একনিষ্ঠতা থেকে অনুপ্রাণিত হয়ে তিনি মিষ্টিটির নাম দেন ‘সাবিত্রী’। শুরুতে ঘরোয়া পরিবেশে তৈরি হলেও ধীরে ধীরে স্থানীয় জমিদারদের পছন্দের তালিকায় জায়গা পায় এবং পরে দেশজুড়ে ও দেশের বাইরেও পরিচিত হয়ে ওঠে। প্রজন্ম পরিবর্তনের পরও একই পরিবারে সংরক্ষিত রয়েছে এই মিষ্টির রেসিপি। প্রতিটি উত্তরসূরি আগের মতোই ঐতিহ্য মেনে তৈরি করে চলেছেন যাতে স্বাদের মৌলিকতা অক্ষুণ্ন থাকে। এখনো পর্যন্ত বাইরের শ্রমিক না রাখার রীতি বজায় রয়েছে–স্বাদ ও বিশুদ্ধতা ধরে রাখার জন্য। মিষ্টি তৈরি ও করা হয় সেই যুগের পুরোনো পদ্ধতিতেই। প্রতিদিন সকালে তাজা দুধ সংগ্রহ করে কাঠের চুলায় ঘণ্টার পর ঘণ্টা জ্বাল দেওয়া হয়, এরপর পরদিন সাবিত্রী তৈরি করা হয়। আর স্বাদ ধরে রাখতে কোনোভাবেই রেফ্রিজারেটরের ব্যবহার করা হয় না। প্রতিদিন কতটুকু দুধ লাগবে, তা নির্ধারণ করা হয় অর্ডার অনুযায়ী। দুধ, চিনি ও জ্বালানির দাম বেড়ে যাওয়া কিংবা মাঝে মাঝে দুধের সংকট–এসব চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও বিশুদ্ধতার প্রতি প্রতিশ্রুতি অটুট রয়েছে। বাইরের শ্রমিক না নেওয়া বা রেসিপি কারও হাতে না দেওয়া–এসবও মূলত ঐতিহ্যের মান ধরে রাখার অংশ। বর্তমানে প্রতিদিন গড়ে ৩০ থেকে ৪০ কেজি মিষ্টি তৈরি হয় এবং সাবিত্রী ও রসকদমের দাম কেজিপ্রতি ৫৩০ টাকা। মেহেরপুরের ইতিহাস-ঐতিহ্যের কথা উঠলে সাবিত্রী মিষ্টির নাম অনিবার্যভাবেই আসে–এমন মন্তব্য অনেক স্থানীয় সংস্কৃতিপ্রেমীর। এভাবে আজও মেহেরপুরের ‘সাবিত্রী’ ও ‘রস কদম’ শুধু অনন্য স্বাদের স্মারক নয়, বরং এই অঞ্চলের পবিত্রতা, ঐতিহ্য এবং গৌরবের প্রতীক হিসেবে অমলিন রয়েছে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# রাতের যে আমলে মাফ হয় সব গুনাহ

মাওলানা ফরিদ উদ্দীন

বান্দা যত বড় গুনাহগারই হোক না কেন, যত বড় ভুলই করে ফেলুক, আল্লাহর রহমত কখনো সীমিত নয়। যখন সে নিজের গুনাহ বুঝে লজ্জিত হয়, সেই গুনাহ থেকে ফিরে আসে এবং মন থেকে তওবা করে, তখন আল্লাহ তা এক নিমিষেই মাফ করে দেন। তাঁর ক্ষমা অসীম এবং তিনি মনের আন্তরিকতা দেখে বান্দাকে শান্তি দেন। তাঁর দয়া ও মাগফিরাতের কাছে কোনো গুনাহই বড় নয়। এমন একটি ছোট্ট দোয়া রয়েছে যেটি রাতে ঘুমানোর আগে পড়লে আল্লাহ সব গুনাহ মাফ করে দেন। দোয়াটি হলো- আস্তাগফিরুল্লাহাল্লাযি লা-ইলা-হা ইল্লা হুয়াল হাইয়্যুল ক্বাইয়্যুমু ওয়া আতূবু ইলাইহি। অর্থ: ‘আমি ক্ষমা চাই সেই আল্লাহর কাছে, যিনি ছাড়া কোনো ইলাহ নেই, যিনি চিরঞ্জীব ও সমস্ত কিছুর ধারক এবং আমি তাঁর কাছে তওবা করছি।’ হযরত আবু সাঈদ (রা.) থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন- যে ব্যক্তি শোয়ার সময় এই দোয়াটি- তিনবার পাঠ করে তাহলে আল্লাহর তাআলা তার সব গুনাহ ক্ষমা করে দেবেন- যদিও তার গুনাহ হয় সমুদ্রের ফেনার মতো, গাছের পাতার সংখ্যার মতো, মরুভূমির বালুকণার মতো অথবা দুনিয়ার দিনগুলোর সংখ্যার মতো অনেক বেশি। আল্লাহ তাআলার রহমত ও ক্ষমা যেন এক অসীম সাগরের মতো, যার কিনারা কখনো শেষ হয় না। তিনি ‘রাহমান’ এবং ‘রাহিম’–অর্থাৎ, পরম দয়ালু ও করুণাময়, যার দয়ার আয়াত প্রতিটি ক্ষণে আমাদের ওপর বর্ষিত হয়। তাঁর দয়া ছাড়া আমরা কিছুই নই, কিছুই করতে পারি না। মানুষ কখনো কখনো গভীর পাপের মধ্যে ডুবে যায়, সীমাহীন ভুল করে, এমনকি নিজের নফসের শত্রু হয়ে ওঠে। তবুও আল্লাহ তাআলা তাঁর অসীম দয়ায় সেই ভুলগুলো ক্ষমা করেন, এমনকি আমাদের তওবার জন্য আবারও নতুন সুযোগ দেন। মানুষ যখন আল্লাহর রাহমতের ছায়ায় ফিরে আসে, আল্লাহ সেই বান্দাকে মাফ করে দেন, স্নেহে ভরিয়ে দেন। যদি আল্লাহর দয়া না থাকত, তাহলে পৃথিবীর অধিকাংশ মানুষই নিজেদের ভুলে ধ্বংস হয়ে যেত; কিন্তু তাঁর দয়াই আমাদের জীবন, আমাদের পথ, আমাদের আশা। আল্লাহ ছাড়া অন্য কারো কাছে এরূপ ক্ষমা, এরূপ ভালোবাসা কখনো পাওয়া সম্ভব নয়।

হতাশাগ্রস্ত জীবনে আমরা কুরআনের আয়াতের ঘোষণায় জীবন ফিরে পাই। মহান আল্লাহ বলেন- ‘হে আমার বান্দাগণ, যারা নিজদের ওপর বাড়াবাড়ি করছে তোমরা আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ো না। অবশ্যই আল্লাহ সব পাপ ক্ষমা করে দেবেন। নিশ্চয়ই তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।’

## জামায়াতে ইসলামী’র গণসংযোগ ও

(প্রথম পৃষ্টার পর)

উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান, জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টারসহ স্থানীয় নেতৃবৃন্দ। এছাড়া একই দিনে সন্ধ্যা ৮টায় সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের কাটালপোতা গ্রামে নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্ব করেন পিরোজপুর ইউনিয়ন ভারপ্রাপ্ত আমির মিয়ারুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন জেলা জামায়াতে ইসলামী আমির ও মেহেরপুর-১ আসনের মনোনীত প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। উপস্থিত ছিলেন জেলা নায়েবে আমির মাও মাহবুবল উল আলম, জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির মাও সোহেল রানা, সেক্রেটারি জাব্বারুল ইসলামসহ অন্যান্য নেতাকর্মীরা। বক্তারা বলেন, মানুষের কল্যাণ ও ন্যায়ের ভিত্তিতে একটি সুন্দর ও সুশাসনভিত্তিক সমাজ গঠনে জামায়াতে ইসলামী কাজ করে যাচ্ছে। তারা জনগণের সহযোগিতা ও দোয়ার মাধ্যমে এই লক্ষ্য অর্জনে সচেষ্ট থাকবেন।

## ঝিনাইদহে প্রবাসী কুপিয়ে নিহত

(প্রথম পৃষ্টার পর)

হুমায়ন মোল্লার বাড়ির সামনে দিয়ে যাওয়ার সময় পেছন দিক থেকে রামদা দিয়ে কুপিয়ে গুরুতর আহত করা হয়। তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নেওয়া হলেও কিছুক্ষণ পর তার মৃত্যু হয়।” ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ফারিয়া তাহসিন জানান, নিহতের মাথায় ধারালো অস্ত্রের গুরুতর আঘাত ছিল। এছাড়া ঘাড়, পিঠ ও কোমরের পেছনে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। হাসপাতালে পাঁচ ব্যাগ রক্ত দেয়ার পরও তাকে বাঁচানো সম্ভব হয়নি। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল্লাহ আল মামুন বলেন, “একটি জমি লিজ সংক্রান্ত দ্বন্দ্বের জেরে এই ঘটনা ঘটেছে। এলাকায় পরবর্তী সহিংসতা প্রতিরোধে পুলিশ মোতায়েন করা হয়েছে। ময়নাতদন্তের জন্য লাশ মর্গে পাঠানো হচ্ছে। অভিযুক্তদের গ্রেপ্তারে অভিযান চালানো হচ্ছে।”

## মুজিবনগর-শ্যামপুরে মাসুদ অরুনের

(প্রথম পৃষ্টার পর)

যুবদলের নেতৃবৃন্দসহ জেলার বিভিন্ন এলাকার নেতাকর্মীরা অংশগ্রহণ করেন। সভায় নির্বাচনী প্রস্তুতি, দলের কার্যক্রম এবং জনসংযোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করা হয়। উপস্থিত নেতাকর্মীরা আগামি নির্বাচনে ধানের শিষের জয় নিশ্চিত করতে অঙ্গিকারবদ্ধ হন। একই দিনই মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর বাজারে মাসুদ অরুন গণসংযোগও করেন। তিনি বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন এবং ভোটারদের মাঝে প্রচারপত্র বিতরণ করেন। এ সময় উপস্থিত স্থানীয় বিএনপি নেতারা প্রার্থীকে বিজয়ী করতে সবার সহযোগিতা কামনা করেন।

## র‌্যাবের অভিযানে হত্যা মামলার

(প্রথম পৃষ্টার পর)

লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান প্রেসবিজ্ঞপ্তিতে জানান, র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)-১২, সিপিসি-৩, মেহেরপুর এবং র‌্যাব-০৬, সিপিসি-২, ঝিনাইদহের যৌথ চৌকস অভিযানে ১৪ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখে ঝিনাইদহ জেলার সদর থানাধীন গান্না বাজার এলাকা থেকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার জয়নুর হত্যা মামলার ৬ নম্বর পলাতক আসামী মোঃ বাবু এবং ১৪ নম্বর পলাতক আসামী রেজাউলকে গ্রেফতার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, গ্রেফতারকৃত আসামীদ্বয় দীর্ঘদিন ধরে আত্মগোপনে ছিল। গ্রেফতারকৃতদের পরবর্তী আইনগত প্রক্রিয়ার জন্য ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

## হাদির নির্বাচনি প্রচারণায় ময়লা পানি

(প্রথম পৃষ্টার পর)

নেই। ময়লা পানি মারলেও আমি শান্ত।” তিনবার তার গায়ে ময়লা পানি মারা হয়েছে বলে ভিডিওতে ধরা পড়েছে। জানা গেছে, হাদি এ বিষয়ে যুগান্তরকে বলেন, “আমার সঙ্গে আসা সাংবাদিকদের ওপর ময়লা পানি নিক্ষেপ করা হয়েছে। যেহেতু তারা আমার নির্বাচনি প্রচারণা কভার করতে এসেছেন, তাই এটা সরাসরি আমার ওপর আঘাত হিসেবেই নেওয়া যায়। তিনবার এ ঘটনা ঘটানো হয়েছে, যা ইচ্ছাকৃত।” হাদি এ ধরনের ঘটনা “অনাকাঙ্ক্ষিত” বলে মন্তব্য করেছেন। শরীফ ওসমান হাদি আগামী জাতীয় সংসদ নির্বাচনে শাহবাগ, মতিঝিল, রমনা, পল্টন ও শাহজাহানপুর এলাকায় কেন্দ্রভিত্তিক ঢাকা-৮ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

## মানসম্মত শিক্ষার জন্য ওয়াচ গ্রুপের

(প্রথম পৃষ্টার পর)

করেন মউক, গণসাক্ষরতা অভিযানের সহায়তায়। সভায় আমঝুপি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম সভাপতিত্ব করেন। স্বাগত বক্তব্য রাখেন মউক-এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম। প্রধান অতিথি ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ আসাফুদ্দৌলা। সভায় মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, আমদহ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মাওলানা মোহাম্মদ ইসমাইল হোসেন, সমাজসেবক আব্দুর রকিব, আকতার হোসেন ও কিতাব আলী মাষ্টার বক্তব্য রাখেন। মউক-এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা বিগত ত্রৈমাসিক প্রতিবেদন পাঠ করেন। সভায় প্রাথমিক বিদ্যালয়ে জনঅংশ গ্রহণ ও শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

## বিএনপি-জামায়াত-এনসিপি মুখে

(প্রথম পৃষ্টার পর)

জারি করেন। জাতির উদ্দেশে ভাষণে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জানান, ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হবে। এটি বিএনপির প্রধান দাবি ছিল। এ কারণে দলটি নোট অব ডিসেন্ট থাকা সত্ত্বেও গণভোট ব্যবস্থার বিরুদ্ধে অবস্থান নিতে পারেনি। বিএনপি সূত্র জানায়, নির্বাচনের সম্ভাবনা ঝুঁকিতে পড়ার আশঙ্কায় স্থায়ী কমিটির বৈঠকে আদেশের জন্য প্রধান উপদেষ্টাকে ধন্যবাদ জানানোর সিদ্ধান্ত হয়। যদিও দলটি উচ্চকক্ষে পিআর পদ্ধতি, তত্ত্বাবধায়ক সরকারের বিন্যাস এবং সাংবিধানিক প্রতিষ্ঠানে নিয়োগসংক্রান্ত আটটি সংস্কার প্রস্তাব গণভোটে তোলার বিপক্ষে ছিল। বৈঠকে নেতারা মনে করেন, আদেশ প্রত্যাখ্যান করলে বিএনপিকে “সংস্কারবিরোধী” আখ্যা দিয়ে জামায়াত মাঠে সুবিধা নিতে পারত। এজন্যই দলটি অনিচ্ছা সত্ত্বেও আদেশ স্বীকার করেছে। জামায়াতের প্রকাশ্য অবস্থান–নির্বাচনের আগে গণভোট। দাবি পূরণ না হওয়ায় তারা ক্ষোভ জানিয়েছে। তবে ভেতরে সন্তুষ্টি রয়েছে। দলের জ্যেষ্ঠ নেতারা জানান, পিআর পদ্ধতিতে উচ্চকক্ষ, সনদ অনুযায়ী তত্ত্বাবধায়ক সরকার গঠন এবং সাংবিধানিক প্রতিষ্ঠানে কমিটির মাধ্যমে নিয়োগের প্রস্তাব গণভোটে যাওয়া তাদের জন্য বড় অর্জন। বিএনপির নোট অব ডিসেন্ট উপেক্ষা করে এসব প্রস্তাব ব্যালটে স্থান পাওয়াকে জামায়াত “মূল বিজয়” মনে করছে। এনসিপি রাষ্ট্রপতির স্বাক্ষরে আদেশ জারির বিরোধিতা করেছে। তাদের দাবি ছিল, অন্তর্বর্তী সরকার গণঅভ্যুত্থানের ক্ষমতাবলে আদেশ দেবে। তবে আদেশে আগামী সংসদের এমপিদের নিয়ে কন্সটিটুয়েন্ট ক্ষমতাসম্পন্ন সংবিধান সংস্কার পরিষদ গঠনের বিধান–এনসিপির অন্যতম প্রধান দাবি–পূরণ হওয়ায় দলটি ভেতরে সন্তুষ্ট। একইভাবে পিআর পদ্ধতি, তত্ত্বাবধায়ক সরকার এবং সাংবিধানিক নিয়োগসংক্রান্ত প্রস্তাব ব্যালটে যাওয়া এনসিপিও ইতিবাচকভাবে দেখছে। সব মিলিয়ে আদেশ নিয়ে প্রকাশ্যে দলগুলোর ভিন্নমত থাকলেও ভেতরে তারা রাজনৈতিক বাস্তবতার হিসাব করে এগোচ্ছে। নির্বাচনের পথ বাধাগ্রস্ত না করাই এখন সবার অগ্রাধিকার বলেই রাজনৈতিক বিশ্লেষকদের মন্তব্য।

## শীতার্তদের পাশে দাঁড়ালো এনসিপি

(প্রথম পৃষ্টার পর)

অতিথি হিসেবে কম্বল বিতরণ করেন এনসিপির কেন্দ্রীয় যুগ্ম-মুখ্য সমন্বয়ক ও মেহেরপুর জেলা প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট সাকিল আহমাদ। বিশেষ অতিথি ছিলেন জাতীয় যুব শক্তির কেন্দ্রীয় সংগঠক মোঃ সাজেদুর রহমান এবং মুজাহিদুল ইসলাম। অনুষ্ঠানটিতে অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন আশিক রাব্বি, মোঃ তামিম ইসলাম, হাসনাত জামান সৈকত, তৌহিদ রবিন ও আমির হামজা। নেতৃবৃন্দ আরো বলেন, মানুষের পাশে থাকা এনসিপির অঙ্গীকার। পুরো শীত জুড়ে এ সহায়তার হাত প্রসারিত থাকবে এনসিপির।

## বিকাশ প্রতারণায় কৃষকের ২৫ হাজার

(প্রথম পৃষ্টার পর)

বলে এবং জানায়, এই টাকা যাচাইয়ের পর তার একাউন্টে ফেরত দেওয়া হবে। বিশ্বাস করে খোরশেদ তার বিকাশ নম্বর ০১৯৬৪৭৫৩৩৩১ থেকে টাকা পাঠান।

পরে তিনি বুঝতে পারেন, সেটি পুরোপুরি একটি প্রতারণা। টাকা আর ফেরত আসে নি; বরং প্রতারক তার অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ নিয়ে অর্থ আত্মসাৎ করে।এ ঘটনায় নির্দিষ্ট পরিচয় না পাওয়ায় ভুক্তভোগী গাংনী থানায় সাধারণ ডায়েরি করেন। স্থানীয়রা জানান, সাম্প্রতিক সময়ে বিকাশ ও অনলাইন প্রতারণা বেড়ে যাওয়ায় সাধারণ মানুষ উদ্বিগ্ন। গাংনী থানার ডিউটি অফিসার জানান, এ বিষয়ে গাংনী থানায় একটি সাধারণ ডায়েরী হয়েছে, বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

# ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরে থানায় বিস্ফোরণ, নিহত ৭

সূর্যোদয় প্রতিবেদন

ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মীরের শ্রীনগরে একটি থানায় ভয়াবহ বিস্ফোরণে সাতজন নিহত হয়েছেন। আহত হয়েছেন কমপক্ষে ২৭ জন। শনিবার (১৫ নভেম্বর) মধ্যরাতে নোগাম থানার অভ্যন্তরে জব্দকৃত বিস্ফোরক বিস্ফোরিত হলে এ হতাহতের ঘটনা ঘটে। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি এ তথ্য জানিয়েছে। পুলিশ জানায়, বিস্ফোরণে নিহতদের মধ্যে বেশিরভাগই পুলিশ সদস্য ও ফরেনসিক বিভাগের কর্মী, যারা জব্দ করা বিস্ফোরক পরীক্ষানিরীক্ষা করছিলেন। এছাড়া শ্রীনগর প্রশাসনের দুই কর্মকর্তা ঘটনাস্থলেই প্রাণ হারান। আহতদের মধ্যে পাঁচজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। আহতদের সেনাবাহিনীর ৯২ বেস হাসপাতাল এবং শের-ই-কাশ্মির ইনস্টিটিউট অব মেডিকেল সায়েন্সেসে ভর্তি করা হয়েছে। ঘটনার পরপরই পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা নোগাম থানায় গিয়ে পরিস্থিতি পরিদর্শন করেন এবং বিস্ফোরণের উৎস ও কারণ অনুসন্ধানে তদন্ত শুরু হয়েছে।

# আর্জেন্টিনাসহ চার দেশের প্রত্যাহার করছে ট্রাম্প প্রশাসন

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ ও মধ্য আমেরিকার চার দেশ–আর্জেন্টিনা, ইকুয়েডর, গুয়েতেমালা ও এল সালভাদর–এর ওপর আরোপিত আমদানি শুল্ক প্রত্যাহারের ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। কৃষি ও খাদ্যপণ্য বাণিজ্যসংক্রান্ত নতুন চুক্তি সম্পন্ন হওয়ার পর এই সিদ্ধান্ত জানানো হয়েছে। আন্তর্জাতিক বার্তা সংস্থা এএফপি, রয়টার্স এবং ডয়েচে ভেলের প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। প্রতিবেদনগুলোতে বলা হয়েছে, নতুন চুক্তির ফলে এই দেশগুলোর খাদ্যপণ্য মার্কিন বাজারে অবাধ প্রবেশাধিকার পাবে। এতে কফি, কলা ও অন্যান্য কৃষিপণ্যের সরবরাহ বৃদ্ধি পাওয়ায় যুক্তরাষ্ট্রে এসব পণ্যের দাম কমতে পারে বলে আশা করছে প্রশাসন। একই সঙ্গে মার্কিন কোম্পানিগুলোও আরও সহজে আমদানিরপ্তানি করতে পারবে। সামাজিক মাধ্যমে এক বিবৃতিতে ট্রেজারি মন্ত্রী স্কট বেসেন্ট বলেন, “ট্রাম্প প্রশাসন আমেরিকানদের জীবনযাত্রার ব্যয় কমাতে প্রতিশ্রুতিবদ্ধ। এই চুক্তি তারই অংশ। সামনে আরও বেশ কিছু চুক্তি হতে যাচ্ছে।” এদিকে সবচেয়ে বড় কফি রপ্তানিকারক দেশ ব্রাজিলের সঙ্গেও আমদানি শুল্ক নিয়ে আলোচনা চলছে। চলতি সপ্তাহে ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরিয়ার সঙ্গে বৈঠক করবেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী ও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মার্কো রুবিও। গত এপ্রিল মাসে ব্রাজিলের ওপর আরোপিত ৫০ শতাংশ শুল্ক চুক্তি হলে কমানো হতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন মার্কিন কর্মকর্তারা। উল্লেখ্য, ক্ষমতায় এসে গত ২ এপ্রিল বিশ্বের ১০০টিরও বেশি দেশের ওপর অতিরিক্ত রপ্তানি শুল্ক আরোপ করেন প্রেসিডেন্ট ট্রাম্প। তিনি এটিকে ‘যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক স্বাধীনতা’ অর্জনের পথ বলে উল্লেখ করেছিলেন। ওই শুল্কের কারণে যুক্তরাষ্ট্রের সঙ্গে বহু দেশের বাণিজ্যিক সম্পর্ক ক্ষতিগ্রস্ত হয় এবং মার্কিন বাজারে বিদেশি পণ্যের সরবরাহ কমে গিয়ে খাদ্য ও কৃষিপণ্যের দাম বেড়ে যায়।

# বিহারে মোদি নেতৃত্বাধীন এনডিএ জোটের ভূমিধস জয়

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের বিহার রাজ্যের সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচনে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ জোট ঐতিহাসিক জয় অর্জন করেছে। ২৪৩ সদস্যের বিধানসভায় ২৪২টি আসনের ফল প্রকাশ হয়েছে, যার মধ্যে ২০২টিতেই বিজয়ী হয়েছে এনডিএ। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি এ তথ্য নিশ্চিত করেছে। দুই দফায় অনুষ্ঠিত এই নির্বাচনে ভোটারদের অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য। ৬ নভেম্বর প্রথম দফায় ১২১টি আসনে ভোটগ্রহণ হয়, যেখানে ৬৫ শতাংশের বেশি ভোট পড়ে। দ্বিতীয় দফায় ১১ নভেম্বর ১২২টি আসনে ভোট হয় এবং ভোটগ্রহণের হার ৬৮ শতাংশ ছাড়ায়। দুই দফা মিলিয়ে মোট প্রায় ৬৭ শতাংশ ভোটার ভোটাধিকার প্রয়োগ করেন। শুক্রবার (১৪ নভেম্বর) সকাল ৮টা থেকে ভোটগণনা শুরু হয়। রাতের মধ্যে নির্বাচন কমিশন চূড়ান্ত ফলাফল ঘোষণা করে। প্রধান লড়াই ছিল বিজেপি-জেডিইউ নেতৃত্বাধীন এনডিএ এবং কংগ্রেস-আরজেডি নেতৃত্বাধীন মহাগঠবন্ধনের মধ্যে। ফলাফলে দেখা যায়, মহাগঠবন্ধন মাত্র ৩৫টি আসনে জয় পায়। বাকি ৬টি আসনে জয়ী হয় অন্যান্য দল ও স্বতন্ত্র প্রার্থী। বিজয় নিশ্চিত হওয়ার পর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, বিহারে এনডিএ জোটের এই জয় তাদের উন্নয়নমুখী রাজনীতিরই প্রতিফলন। তিনি আরও দাবি করেন, বিহারের এই সাফল্য পশ্চিমবঙ্গের আগামী বিধানসভা নির্বাচনে বিজেপিকে বিজয়ের পথে এগিয়ে নেবে।

# চীনের কুনলুন পর্বতমালায় স্বর্ণের খনির সন্ধান

সূর্যোদয় প্রতিবেদন

চীনের পশ্চিমাঞ্চলীয় শিনজিয়াং উইঘুর স্বায়ত্তশাসিত অঞ্চলের কুনলুন পর্বতমালায় বিশাল এক স্বর্ণের খনি খুঁজে পাওয়া গেছে। দেশটির সরকারি ভূতাত্ত্বিক দলের জরিপ অনুযায়ী, খনির মজুত স্বর্ণের পরিমাণ এক হাজার টনেরও বেশি, যা প্রায় সাড়ে ৮ কোটি ভরি ছাড়িয়ে যেতে পারে। গত ৪ নভেম্বর প্রকাশিত একটি গবেষণায় কাশগর জিওলজিক্যাল টিমের সিনিয়র ইঞ্জিনিয়ার হে ফুবাও ও সহকর্মীরা জানান, পশ্চিম কুনলুন অঞ্চলে হাজার টন স্কেলের একটি স্বর্ণবেল্টের রূপরেখা এখন স্পষ্ট হচ্ছে। এ নিয়ে এক বছরের মধ্যে চীনে হাজার টনের বেশি স্বর্ণ মজুত বিশাল তিনটি খনির সন্ধান পাওয়া গেল। এর আগে উত্তর-পূর্বাঞ্চলের লিয়াওনিং প্রদেশ এবং মধ্য চীনের হুনান প্রদেশে সমৃদ্ধ সোনার খনি শনাক্ত করা হয়। আন্তর্জাতিক খনি শিল্পের হিসাব অনুযায়ী, চীনে অবশিষ্ট উত্তোলন-অপেক্ষমাণ স্বর্ণের পরিমাণ প্রায় ৩ হাজার টন। নতুন খনির সন্ধান দেশটির স্বর্ণসংক্রান্ত খনি শিল্পে এক বড় উদ্দীপনা সৃষ্টি করেছে এবং আন্তর্জাতিক বাজারে প্রভাব ফেলতে পারে বলে বিশেষজ্ঞরা মনে করছেন।